সমকাল

তারিখ ... 30 OCT 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 7 ...

ঢাবি সাংবাদিকতা বিভাগ

# নতুন অ্যালামনাই কমিটির দায়িত্ব গ্রহণ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

উৎসবমুখর পরিবেশে দায়িত্ব গ্রহণ করল ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি। গতকাল শনিবার বিকেলে ঢাবির ছাত্র-শিক্ষক মিলনায়তনে ফুল ও ক্রেস্ট দিয়ে বরণ করে নেওয়ার মাধ্যমে নতুন কমিটির যাত্রা শুরু হয়। আগামী দুই বছর এ কমিটি দায়িত্ব পালন করবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাবির উপাচার্য, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ ছাড়া উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশনের প্রধান উপদেষ্টা ও বিভাগের অনারারি শিক্ষক ড. সাখাওয়াত আলী খান, অ্যাসোসিয়েশনের নতুন সভাপতি সাবেক সচিব আবু আলম শহীদ খান, সাধারণ সম্পাদক মফিজুর রহমান, বিদায়ী সভাপতি আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক স্বপন কুমার দাস, প্রধান তথ্য কমিশনার ড. গোলাম রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সত্যকে প্রতিষ্ঠিত করতে গণযোগাযোগ ও সাংবাদিকতার শিক্ষার্থীরা এগিয়ে যাবে এবং নানা ক্ষেত্রে অবদান রেখে দেশকে এগিয়ে নিয়ে যাবে– এটাই আমার প্রত্যাশা। নতুন সাধারণ সম্পাদক মফিজুর রহমান বলেন, বেশি বেশি সভা-সেমিনার আয়োজনের মাধ্যমে সাংবাদিকতার কার্যক্রমকে সারাদেশে ছড়িয়ে দিতে নতুন কমিটি কাজ করবে।

# কিন্ডারগার্টেন ঐক্য পরিষদের ১১ দফা

■ সমকাল প্রতিবেদক

নিবন্ধন প্রক্রিয়া দ্রুত বাস্তবায়নসহ ১১ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ কিন্ডারগার্টেন ঐক্য পরিষদ। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

তাদের অন্য দাবিগুলো হচ্ছে– নিবন্ধনের পর স্কুলগুলোকে অষ্টম শ্রেণি পর্যন্ত উত্তীর্ণ করা, সেবামূলক প্রতিষ্ঠানের আওতায় আনা, স্কুলের বিদ্যুৎ বিল সামাজিক প্রতিষ্ঠান বলে গণ্য করা, নিবন্ধিত স্কুলগুলোকে আয়করমুক্ত রাখা, এক স্কুল থেকে অন্য স্কুলের দূরত্ব নিশ্চিত করা, এনসিটিবি অনুমোদিত অভিন্ন পাঠ্যতালিকা প্রণয়ন, সরকারি স্কুলের মতো পাঠ্য উপকরণ সরবরাহ, আলাদা বোর্ড গঠন, স্কুলে শিক্ষার পরিবেশ নিশ্চিত করণে তদারকি বাড়ানো এবং টাস্কফোর্সের মাধ্যমে অযথা হয়রানি না করা।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন পরিষদের চেয়ারম্যান শাহজাহান ও মহাসচিব শাহীন পারভেজ। এ সময় সংগঠনের নেতৃবৃন্দের পাশাপাশি বিভিন্ন কিন্ডারগার্টেন স্কুলের প্রতিষ্ঠাতা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।